**ANSWER KEY**

উঃ(১) নিচের শব্দগুলির অর্থ লেখো :-

লোকপ্রবাদে - জনশ্রুতিতে
সায়াহ্নে - সন্ধ্যাবেলায়
পাকশাক - রান্না
চুলা - উনান
খান - গর্ত
দিব্যচক্ষে - অলৌকিক শক্তিতে
শূল - তীক্ষ্ণ শলাকা
জন্মান্তর - পরজন্ম
কলেবর - শরীর

উঃ(২)

(ক) রাজা ভবচন্দ ও মন্ত্রী গবচন্দ্র বুদ্ধি বেরিয়ে যাবার ভয়ে ঢিপ্‌লে দিয়ে নাক-কান বন্ধ করে রাখতেন। তাতেও তারা সন্তুষ্ট ছিলেন না। পাছে ফাঁক দিয়ে বুদ্ধি বেরিয়ে যায় সেই ভয়ে রাজা ও মন্ত্রী সিন্দুকে গিয়ে লুকিয়ে থাকতেন।

(খ) রাজা ভবচন্দ্র যখন কোন বিপদের আশঙ্কা করতেন তখন মন্ত্রী গবচন্দ্রকে সিন্দুক থেকে বার করতেন। মন্ত্রী নাকে-কানে গোঁজা পুঁটুলি খুলে রাজাকে পরামর্শ দিতেন।

(গ) শূকর দেখে মন্ত্রীকে রাজা ডাকলেন কারণ তিনি স্থির করতে পারছিলেন না সেটি কী জন্তু।

(ঘ) মন্ত্রীর মতে শূকরটি একটি না খেতে পেয়ে রোগা হয়ে যাওয়া হাতি অথবা বেশী খেতে পেয়ে মোটা হয়ে যাওয়া একটা ইঁদুর।

(ঙ) এই গল্পটিতে প্রকৃত বুদ্ধিমান হলেন দুই পথিক। তাদের মিথ্যা সন্দেহের বশে রক্ষীরা যখন বন্দি করে রাজার কাছে নিয়ে আসে তখন রাজা চোর ভেবে তাদের শূলে মৃত্যুদন্ডের বিধান দিলেন। কিন্তু তারা বুদ্ধির কৌশলে বানিয়ে মিথ্যে গণনার কথা জানিয়েছেন। তার ফলে মৃত্যুদন্ড থেকে তারা বেঁচে গেলে এবং রাজা ও মন্ত্রীকে শূলে চড়ে মরতে বাধ্য করলো।

এই গল্পটি থেকে আমরা এই শিক্ষা পাই - যারা নিজেদের অতিশয় বুদ্ধিমান মনে করে তারা প্রকৃতই নির্বোধ এবং তাদের পরিণতি ভয়ানক হয়।

উঃ(৩) শূন্যস্থান পূরণ করো :-

(ক) আমরা গণনা করিয়া জানিয়াছি যে, আজি যে ব্যক্তি এই দীর্ঘ শূলে আরোহণ করিয়া প্রাণত্যাগ করিবে, সে পূর্নজন্মে চক্রবর্ত্তী রাজা হইয়া সদ্বীপা সসাগরা পৃথিবীর অধীশ্বর হইবে।

(খ) রাত্রে পাকশাক করিবার জন্য সরোবর তীরে স্থান পরিষ্কার করিয়া চুলা কাটিতে আরম্ভ করিল।

## পাঠমালা DESK WORK
## জ্ঞানমূলক প্রশ্ন : পৃষ্ঠা : ৫৭

উঃ(২)

(ক) লেখক, বঙ্কিমচন্দ্র মহাশয়ের 'অতিবুদ্ধির পরিণতি' গল্পে মন্ত্রী গবচন্দ্র এই কথাগুলি বলেছিল।

(খ) মন্ত্রী, রাজা ভবচন্দ্রকে এই কথাগুলি আজ্ঞা করেছিলেন।

(গ) দুজন পথিককে রক্ষীরা রাজা গবচন্দ্রের সামনে বন্দি করে এনেছিল এবং রাজা চোর প্রতিপন্ন করে তাদের শূলে চড়ার আদেশ দিয়েছিলেন।

(ঘ) দুজন পথিক সন্ধ্যেবেলায় নগরের এক পুকুরের ধারে রান্না করার জন্য গর্ত খুঁড়ছিল। রক্ষীরা সন্দেহ করেছিল যে, পুকুরের পাশে গর্ত খোঁড়ায় তাদের কোন অসৎ উদ্দেশ্য আছে।

প্রয়োগমূলক ও ব্যাকরণভিত্তিক প্রশ্ন :- পৃষ্ঠা : ৫৮ এবং ৫৯

উঃ(খ) সন্ধি করো :-

| | |
|---|---|
| পরঃ+পর -পরস্পর | পাপ + আত্মা - পাপাত্মা |
| পুনঃ + উক্তি - পুনরুক্তি | পুনঃ +জন্মে - পুনর্জন্মে |
| অধি + ঈশ্বর - অধীশ্বর | |

উঃ(খ) নীচের শব্দগুলির চলিতরূপ লেখো :-

| | |
|---|---|
| সায়াহ্নে - সন্ধ্যেবেলা | দর্পন - আয়না |
| রাজসমীপে - রাজার কাছে | পুষ্করিনী - পুকুর |
| হস্তী - হাতি | হইতে চায় - হতে চায় |
| খুলিয়া - খুলে | স্বয়ং - নিজে |
| নচেৎ - নাহলে | দীর্ঘ - লম্বা |

উঃ (চ)গল্পটি থেকে পাঁচটি বিশেষ্য পদ ও পাঁচটি বিশেষণ পদের উদাহরণ দাও -

| | **বিশেষ্য পদ** | | **বিশেষণ পদ** |
|---|---|---|---|
| ১। | চুলা | ১। | অসৎ |
| ২। | বিধি | ২। | সন্তুষ্ট |
| ৩। | আজ্ঞা | ৩। | নিশ্চিন্ত |
| ৪। | লোভ | ৪। | মুগ্ধ |
| ৫। | পরস্পর | ৫। | মোটা |

## পাঠশালা READER BOOK

### বাড়ির কাজ : পৃষ্ঠা : ৬৮

### নৈর্ব্যক্তিক ও ব্যাকরণভিত্তিক প্রশ্নাবলি

উঃ(২) নীচের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করো :-

**গুরুতর** - সাইকেলের আঘাতে শিশুটি **গুরুতর** আহত হল।

**পরিষ্কার** - পরিবেশ **পরিষ্কার** রাখা আমাদের কর্তব্য।

**ঠেলাঠেলি** - ভিড়ের মধ্যে **ঠেলাঠেলি** করলে দুর্ঘটনা ঘটতে পারে।

**আরোহণ** - পাহাড় পর্বতে **আরোহণ** করা খুব কষ্টকর

**লোভ** - **লোভ** মানুষকে পাপের পথে নিয়ে যায়।

উঃ(৩) নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো :-

| | |
|---|---|
| অসৎ - সৎ | আরোহণ - অবরোহণ |
| পূর্বে - পরে | সমাপ্ত - সূচনা |
| নিশ্চিন্ত - অনিশ্চয়তা | সন্তুষ্ট - অসন্তুষ্ট |